


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১. ৭৫.২০১৮/২৭৭৬/৬

তারিখ: ০২/০৪/১৪২৬বঙ্গাব্দ  
২৭/০৭/২০১৯খ্রিস্টাব্দ


বিষয়: ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলাধীন এন ইসলামিয়া একাডেমী কলেজের জনাব আবু সায়েম মোহাম্মদ মাহমুদুল খায়ের, প্রভাষক (অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন) এর এমপিওভুক্তি।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২.০১৭.১৮.৪১৫; তারিখ: ০৮/১০/২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্থ পত্র মোতাবেক ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলাধীন এন ইসলামিয়া একাডেমী কলেজের জনাব আবু সায়েম মোহাম্মদ মাহমুদুল খায়ের, প্রভাষক (অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন) কে এমপিওভুক্তি সংক্রান্ত অধ্যক্ষের দাখিলকৃত আবেদনের বিষয়টি বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়।

জনাব আবু সায়েম মোহাম্মদ মাহমুদুল খায়ের, প্রভাষক (অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন) এর নিয়োগ ০৩/০৫/২০০৩খ্রি. তারিখে। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৪১৪; তারিখ: ১১/১২/২০১৩খ্রি. মোতাবেক অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন বিষয়টির পরিমার্জিত শিরোনাম উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন করা হয়েছে। অতএব জনাব আবু সায়েম মোহাম্মদ মাহমুদুল খায়েরকে প্রভাষক, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে বিধি মোতাবেক এমপিওভুক্তিতে কোন বাধা নেই।

এমতাবস্থায়, বর্ণিত প্রভাষকের নিয়োগ সংক্রান্ত কার্যক্রম বিধি সম্মত হলে এমপিওভুক্তির লক্ষে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(ফারহানা আক্তার)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং-৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshc.gov.bd



অধ্যক্ষ

এন ইসলামিয়া একাডেমী কলেজ  
ফুলপুর, ময়মনসিংহ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, এন ইসলামিয়া একাডেমী কলেজ, ফুলপুর, ময়মনসিংহ
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৪। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলপুর, ময়মনসিংহ
- ৬। সংরক্ষণ নথি।